



স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক ক্রীড়ায় বিজয়ী স্কুদে শিক্ষার্থীদের সাথে শিক্ষকমণ্ডলী ও অতিথিগণ

স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক ক্রীড়া সম্পন্ন

স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুলের দু'দিন ব্যাপি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা দামপাড়াস্থ পুলিশ লাইন মাঠে অনুষ্ঠিত হয়েছে। স্কুল প্রধানের উদ্বোধনী বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানে সূচনা হয়।

পরিচালনা পর্ষদ সভাপতি এম সাইফুল ইসলামসহ পরিচালকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রথম দিনে প্লে-গ্রুপ থেকে প্রথম শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শিশুরা বিভিন্ন ধরনের শারীরিক চর্চার প্রদর্শন করে। এছাড়াও বিভিন্ন ধরনের খেলাধুলার মধ্যে চকলেট রেস, ফ্ল্যাট রেস, বল কালেকশন, অবস্টেকেল রেস অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার অন্যতম আকর্ষণ ছিল যেমন খুশি তেমন সাজো। এতে উল্লেখযোগ্য সাজ ছিল গাছ, মৌমাছি,

রয়েল বেঙ্গল টাইগার। দ্বিতীয় দিনে দ্বিতীয় থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতে শিক্ষার্থীরা কারাতের বিভিন্ন কলা কৌশল, ডিসপ্লে প্রদর্শন করে।

অন্যান্য ইভেন্টে ফ্ল্যাট রেস, তিন পায়ের দৌড়, বস্তা দৌড়, রিলে রেস, শট পুটে অংশ নেন প্রতিযোগীরা। পরে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরস্কৃত করা হয়। প্রতিযোগিতায় শিক্ষক, অভি-ভাবকগণও খেলাধুলায় অংশগ্রহণ করেন। গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত হাউজ আয়োজিত আন্তঃফুটবল ও বাস্কেটবল টুর্নামেন্টে বর্ষা হাউজ চ্যাম্পিয়ন হয়। প্রথম রানার-আপ হয় শরৎ হাউজ এবং দ্বিতীয় রানার-আপ হয় গ্রীষ্ম হাউজ।-বিজ্ঞপ্তি